

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
টেক্সটাইল ইনস্টিটিউট বায়েজিদ, চট্টগ্রাম
বস্ত্র অধিদপ্তর, বস্ত্র ও পাট মন্ত্রণালয়
www.tictg.gov.bd

স্মারক নং- ২৪.০২.১৫৫৫.০৭৪.০৩.০০৩.১৬-৬৪৫

তারিখঃ ২৪ ডিসেম্বর ২০২৪ খ্রিঃ

নোটিশ

বিষয়ঃ ২০২৪-২৫ অর্থ বছরের ২য় পর্ব (সেশনঃ ২০২৩-২৪), ৪র্থ পর্ব (সেশনঃ ২০২২-২৩), ৬ষ্ঠ পর্ব (সেশনঃ ২০২১-২২),
৮ম পর্ব (সেশনঃ ২০২০-২১), (জানুয়ারী - জুন ২০২৪) এর উপবৃত্তি প্রদানের নিমিত্তে আবেদন সংগ্রহের নোটিশ।

সূত্রঃ স্মারক নং- ৫৭.০৩.০০০০.০১০.৪০.০০৫.২৪-২৪৩, ২৩/১২/২০২৪ খ্রিঃ, বাংলাদেশ কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৪-২৫ অর্থ বছরের ২য় পর্ব (সেশনঃ ২০২৩-২৪), ৪র্থ পর্ব (সেশনঃ ২০২২-২৩), ৬ষ্ঠ পর্ব (সেশনঃ ২০২১-২২), ৮ম পর্ব (সেশনঃ ২০২০-২১), জানুয়ারী-জুন ২০২৪ এর উপবৃত্তি প্রদান করা হবে। উপবৃত্তি সুবিধা প্রাপ্তির জন্যে নিম্নে উল্লেখিত শর্তাবলি পূরণ সাপেক্ষে আগামী ০১/০১/২০২৫ খ্রিঃ তারিখের মধ্যে আবেদন পত্র সহ প্রয়োজনীয় ডকুমেন্ট রেজিস্ট্রার শাখায় জমা দিতে হবে। অন্যথায় উপবৃত্তি সুবিধা দেওয়া হবে না।

বিঃ দ্রঃ SAF (Student Application Form) এই ফরম টি রেজিস্ট্রার শাখা অথবা www.tictg.gov.bd ওয়েব সাইট এর ডাউনলোড অপশন থেকে ডাউনলোড করে/ফরমের ফরমেট অবিকৃতি রেখে কম্পিউটার কম্পোজ করে দিতে হবে।

উপবৃত্তি প্রদানের ক্ষেত্রে যে সকল শর্তাবলী অত্যাৱশ্যকীয়ভাবে প্রতিপালন করতে হবে:

ক) গড়ে কমপক্ষে ৪০% নম্বর পেয়ে সকল বিষয়ে উত্তীর্ণ হয়ে বর্তমানে নিয়মিত শিক্ষার্থী হিসেবে অধ্যয়নরত থাকতে হবে, রেফার্ডপ্রাপ্ত শিক্ষার্থীদের বিবেচনায় নেওয়া যাবে না (শিক্ষার্থীর উপবৃত্তি আবেদনের সাথে অন-লাইন হতে প্রাপ্ত সত্যায়িত মার্কশীট জমা নিতে হবে)।

খ) হাজিরা কমপক্ষে ৭০% থাকতে হবে (শ্রেণি শিক্ষকের হাজিরার হার উল্লেখপূর্বক প্রতিষ্ঠান প্রধানের প্রতিনিধাক্ষরসহ প্রত্যয়নপত্র উপবৃত্তি আবেদনের সাথে জমা নিতে হবে)।

চলমান পাতা

গ) অভিভাবকের আয় মাসিক অনধিক ৩০,০০০ (ত্রিশ হাজার) টাকা হতে হবে (সরকারি চাকুরীজীবীদের ক্ষেত্রে iBAS++ এর স্যালারী সিট এর অনুলিপি, বেসরকারি চাকুরীজীবীদের ক্ষেত্রে প্রতিষ্ঠান প্রধানদের প্রত্যয়নপত্র এবং অন্যান্যদের ক্ষেত্রে ওয়ার্ড বা ইউনিয়ন কাউন্সিলদের নিকট থেকে আয় সংক্রান্ত প্রত্যয়নপত্র উপবৃত্তি আবেদনের সাথে জমা দিতে হবে।

ঘ) উল্লেখিত ক,খ,গ ও ঘ এর শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে শতকরা ১০০ ভাগ শিক্ষার্থী উপবৃত্তির জন্য বিবেচিত হবে।

ঙ) শর্তপূরণকারী সকল শিক্ষার্থীর মাধ্যমে SAF (Student Application Form) পূরণ করতে হবে (জন্ম নিবন্ধন সনদে নাম বাংলা ও ইংরেজিতে ডিজিটালি ভেরিফাইড, পিতা, মাতা বা অভিভাবকের জাতীয় পরিচয় পত্র ভেরিফাইড, মোবাইল ফাইন্যান্স অ্যাকাউন্ট KYC (Know your Customer) ভেরিফাইড এবং সক্রিয় হতে হবে।

চ) যারা ইতোপূর্বে উপবৃত্তি পেয়েছে এ সকল শিক্ষার্থীদের ক্ষেত্রেও তাদের পূর্বে পূরণকৃত SAF (Student Application Form)- এ " এই ফর্মের সকল তথ্য আমার দ্বারা পূরণ করা হয়েছে এবং পূরণকৃত তথ্য সঠিক আছে।" মর্মে প্রত্যয়ন দিতে হবে (এ সকল শিক্ষার্থী খ এবং গ এর ডকুমেন্ট অবশ্যই জমা দিতে হবে) নিয়ে চলমান তারিখে স্বাক্ষর করতে হবে।

* যেসকল শিক্ষার্থীর ইনস্টিটিউটের ভর্তি ও ফরম ফিলাপের টাকা বকেয়া রয়েছে তারা উপবৃত্তি প্রাপ্তির অযোগ্য হিসেবে বিবেচিত হবে।

* আবেদন পত্রটি অবশ্য A4 সাইজের অফসেট কাগজে দিতে হবে।



(ইঞ্জিঃ নলিনী কুমার ঘোষ)

অধ্যক্ষ (অঃ দাঃ)

টেক্সটাইল ইনস্টিটিউট

বায়েজিদ, চট্টগ্রাম।

textileinstitutectg@gmail.com